# বাবুগঞ্জ উপজেলার মে/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ : ১৮/০৫/২০২৩ খ্রিঃ ; সময় ঃ ১১:০০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপির বরাদ্দকৃত টাকা নিম্নলিখিত বাবুগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন করা যেতে পারে ঃ -<br>**এডিপি টেন্ডার/ সাধারণ ২০২২-২০২৩ (এলটিএম)** | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি খাতের বরাদ্দকৃত টাকা উল্লিখিত প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল। |

| ক্রমিক | প্যাকেজ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১ | এডিপি/সাধারণ/বাবু/০১/২০২২-২০২৩ | বাবুগঞ্জ উপজেলার দরিদ্র জনগণের মাঝে ঢেউটিন বিতরণ | ২,০০,০০০/ |
| ২ | | প্রতাপপুর গ্রামে দীঘির দক্ষিণ পাড় ব্রিজের গোড়া হতে মাণিবাড়ী পর্যন্ত ইটের রাস্তা সলিংকরণ | ২,০০,০০০/ |
| ৩ | | জাহাঙ্গীরনগর ইউনিয়নে মানব সম্পদ উন্নয়নে দুস্থ মহিলাদের মাঝে বিতরণের জন্য সেলাই মেশিন ক্রয় | ২,৫০,০০০/ |
| ৪ | | লামচর ক্ষুদ্রকাঠি আশ্রয়ণ প্রকল্পের রাস্তার ইট সলিংকরণ | ৩,০০,০০০/ |
| ৫ | | বাবুগঞ্জ বাসস্ট্যান্ড হতে কালভার্ট পর্যন্ত রাস্তা সিসিকরণ | ২,০০,০০০/ |
| ৬ | | লোহালিয়া গ্রামে বজলু প্যাদার বাড়ীর সামনে রাস্তা সিসিকরণ | ২,০০,০০০/ |
| ৭ | | মাধবপাশা ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা সিসিকরণ | ১,০০,০০০/ |
| ১ | এডিপি/সাধারণ/বাবু/০২/২০২২-২০২৩ | ঘোষকাঠি আজাহার আকনের বাড়ী হতে খালপাড় পর্যন্ত ড্রেন নির্মাণ | ২,০০,০০০/ |
| ২ | | রাকুদকাঠি রাজ্জাক আকনের বাড়ীর সামনে হতে ঈদগাহ পর্যন্ত রাস্তা সলিংকরণ | ১,০০,০০০/ |
| ৩ | | চাঁদপাশা উত্তর রফিয়ানি সামাজিক ঈদগাহ মাঠ উন্নয়ন | ৯০,০০০/- |
| ৪ | | দেহেরগতি সেকান্দার মেম্বার ও মিয়াবাড়ীর মাঝখানে রাস্তার উপর কালভার্ট নির্মাণ | ১,১০,০০০/ |
| ১ | এডিপি/সাধারণ/বাবু/০৩/২০২২-২০২৩ | কেদারপুর আঃ সালাম এর বাড়ী হতে কেদারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সলিংকরণ | ৮০,০০০/- |
| ২ | | চাঁদপাশা বকশিরচর ইসলামিয়া দাখিল মাদ্রাসা সংস্কার | ১,০০,০০০/ |
| ৩ | | চাঁদপাশা মাধ্যমিক বিদ্যালয় ও ঘটকের চর এর বাউন্ডারী ওয়াল নির্মাণ | ৮০,০০০/- |
| ৪ | | বাবুগঞ্জ উপজেলা প্রেসক্লাব সংস্কার | ১,০০,০০০/ |
| ৫ | | চাঁদপাশা ইউনিয়ন পরিষদের গোডাউন ফ্লোর সংস্কার | ৭৫,০০০/- |
| ১ | এডিপি/সাধারণ/বাবু/০৪/২০২২-২০২৩ | মোঃ নাসির হাং পিতা- মোঃ তুজম্মর আলী হাং, দেহেরগতি এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ২ | | পূর্ব ভুতেরদিয়া ২ নং ওয়ার্ডে আবুল চৌকিদার পিতা- হাতেম আলী চৌকিদার এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৩ | | শামিম খান, পিতা- জব্বার খান, বকশীর চর এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৪ | | পূর্ব ভুতেরদিয়া ২ নং ওয়ার্ডে ফারুক বেপারী, পিতা কালু বেপারী এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৫ | | মোঃ রুবেল পিতা মোঃ শাহআলম হাং দেহেরগতি এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৬ | | আবু সায়েম খসরু সিকদার, পিতা-আবদুল জব্বার সিকদার এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৭ | | ওয়াদুদ মৃধা, পিতা সালেক মৃধা, ইসিলকাঠি এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৮ | | নাসির উদ্দীন পিতা সোবহান আলী, ফুলতলা এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ৯ | | সমিরন পিতা খালেক সাং কেদারপুর ওয়ার্ড নং -৭ এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ১০ | | সাতমাইল জামে মসজিদের জন্য গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |
| ১১ | | মোঃ এনামুল পিতা সেকান্দার আলী বেপারী সাং নতুনচর এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন | ৭৫,০০০/- |

## পিআইসি/(এডিপি) /২০২২-২০২৩

| ক্রমিক | কাজের নাম | প্রাক্কলি মূল্য |
|---|---|---|
| ১ | বাবুগঞ্জ কলেজ গেট সংলগ্ন রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- |
| ২ | রহমতপুর খাপুরা খাল হইতে রাজকর শাহিন শিকদারের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | ৯০,০০০/- |
| ৩ | লিয়াকত হোসেন খান, পিতাঃ হাসেম খান এর বাড়ীতে গভীর নলকূপ স্থাপন। | ৭৫,০০০/- |
| ৪ | রহমতপুর ইউনিয়নের উত্তর রহমতপুর গ্রামের মোঃ আলমগীর হোসেন এর বাড়ীর সামনের কালভার্ট নির্মাণ | ২,০০,০০০/- |
| ৫ | মোল্লার হাট বাজারে কমিউনিটি ল্যাট্রিন ও সেপটি ট্যাংকি | ১,৭৫,০০০/- |
| ১ | জাহাঙ্গীর নগর ইউপি এর জন্য একটি ল্যাপটপ, প্রিন্টার ও স্ক্যানার ক্রয় | ১,৫০,০০০/- |
| ১ | বাহেরচর খোষকাঠি আজাহার আকনের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ। | ১,০০,০০০/- |
| ২ | মাধবপাশা স্কুল এন্ড কলেজে রাস্তা সংস্কার | ১,৫০,০০০/- |
| ৩ | মাধবপাশা শাহেশা মনির কাজী বাড়ীর পুকুরের পারের রাস্তা প্লাসাইডিং করণ। | ১,৫০,০০০/- |
| ৪ | দেহেরগতি মোঃ দেলোয়ার হাং এর বাড়ীর সামনে রাস্তা বাকী অংশে সলিংকরন। | ৭০,০০০/- |
| ৫ | দেহেরগতি কাজী জসিমউদ্দিন গুড এর বাড়ীর সামনে রাস্তা সংস্কার। | ৫০,০০০/- |
| ১ | ক) বকশিরচর সনাই খাল সহ বেলতলা কৃষি মাঠে দুইটি লেচ নালা ড্রেন খনন । | ১,০০,০০০/- |
| ২ | খ) চাঁদপাশা ইউনিয়ন পরিষদের গোডাউনের ফ্লোর সংস্কার। | ৭০,০০০/- |
| ৩ | দুলাল হাওলাদার পিতাঃ রহমান হাওলাদর, চন্ডীপুর এর বাড়িতে গভীর নলকূপ স্থাপন। | ৭৫,০০০/- |
| ৪ | চাঁদপাশা সৈয়দ ফারুকুল ইসলাম এর বাড়ীর সামনে রাস্তা সংস্কার। | ৮০,০০০/- |
| ৫ | ক) চাঁদপাশা ময়দানের হাট আবুল হোসেন স্মৃতি পাঠাগার সংস্কার | ৫০,০০০/- |
| ১ | উপজেলার এডিপি এর আনুসঙ্গিক ও তদারকি ১% (এডিপি) | ৫১,০০০/- |
| | | |

| | | | |
|---|---|---|---|
| মৎস্য বিভাগ | জনাব শিমুল রানী পাল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, (ক) দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন খালে, নদীতে অবৈধ জাল ও চরগড়া বেহুন্দি জাল নির্মূলে অভিযান চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল । |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (খ) জেলে নিবন্ধন চলমান আছে।<br>(গ) জাটকা সংরক্ষণ অভিযান চলমান আছে।<br>(ঘ) জাটকা ধরা থেকে বিরত থাকা জেলেদের ভিজিএফ কর্মসূচি চলমান আছে। | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেল স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল এর প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ এর ভ্যাকসিন সরবরাহ না থাকায় টিকাদান কার্যক্রম আপাততঃ বন্ধ আছে। পরবর্তীতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তি সাপেক্ষে ঘোষনা অনুযায়ী টিকাদান কার্যক্রম চালু হবে। ডায়রিয়া সারা বছরের রোগ হলেও প্রতিবছর মে ও জুন মাসে তীব্র গরমে ইহার প্রাদুর্ভাব বেশী ঘটে। এ জন্য রান্নার কাজে বিশুদ্ধ পানি ব্যবহার করতে হবে। নদী ও পুকুরের পানি ব্যবহার করা যাবে না। স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে ও এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য আহবান করতে হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| কৃষি বিভাগ | জনাব মোঃ মামুনুর রহমান, উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খরিশ-১ মৌসুমে ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে ৪৫০ হে. জমিতে আউশ ধান, ৬০০ হে. জমিতে পাট, ৭০০ হে. জমিতে গ্রীস্মকালীন শাক সবজি ও ৫০ হে. জমিতে হলুদ চাষের লক্ষমাত্রা রয়েছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা পূরণ হবে। এবং বিগত বছরের তুলনায় ধান ও শাকসবজির আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া চলতি খরিফ-১ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় আউশ ধান ও সার ১০০০ জন এবং পাট বীজ ৫০০ জন চাষীর মধ্যে বিনামূল্যে প্রদান করা হচ্ছে।<br>তিনি আরো জানান যে, তার দপ্তরের সামনের জায়গা বিভিন্ন ধরনের কৃষির আওতায় আনার চিন্তা ভাবনা চলছে। এ প্রসঙ্গে সভার সভাপতি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, কৃষি অফিসের উত্তর পাশের নিচু জমিতে কিছু চাষ করা যায় কি-না সে বিষয়ে কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মাসে বাবুগঞ্জ উপজেলায় ৩২০ টি গরু ৬০০ টি ছাগলকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ২৯০০০ টি হাঁস মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। উপজেলায় মোট ৯৩৭ টি গবাদি পশুকে ও ৮১৩৫ টি হাঁসমুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৫৬ টি গাভী কে কৃত্রিম প্রজনন করা হয়েছে। বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নে " ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র" কার্যক্রম চলমান আছে এবং বিভিন্ন সেবা কার্যক্রম চলছে। ভেটেরিনারী হাসপাতাল চত্বরে উন্নত জাতের নেপিয়ার পাকচং-০১ ঘাসের দুইটি প্লট আছে। খামারীদের ঘাসের কাটিং সরবরাহ করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রাণি চিকিৎসা উপকেন্দ্র ও কৃত্রিম প্রজনন পয়েন্ট থাকায় উক্ত ইউনিয়নের সেবা কার্যক্রম সেখান থেকেই প্রদান করা হয়। আসন্ন কোরবানী উপলক্ষ্যে পশু মোটাতাজাকরণ যাতে কোন স্টেরয়েড/হরমোন ব্যবহার বন্ধে এবং পশুর খাবার, উৎপাদন বন্ধে এবং খাবার, উৎপাদন কার্যক্রম ও কোরবানীর পশুর স্বাস্থ্যসেবা কার্যক্রম নিশ্চিতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | | |
| শিক্ষা বিভাগ | জনাব দিলদার নাহার, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি পালন করে সকল বিদ্যালয়ের সুষ্ঠ ও সুন্দরভাবে কার্যক্রম চলছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের এপ্রিল/২৩ মাসের বেতন ভাতাদি যথাযথভাবে প্রদান করা হয়েছে। এছাড়া নব নিয়োগকৃত ৭৫ জন শিক্ষকদের সার্ভিসবহি ও বেতন ভাতাদির কাজ চলমান আছে। | তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠভাবে পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমাজসেবা বিভাগ | জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,<br>(ক) রোগী কল্যান সমিতির কার্যক্রম চলমান।<br>(খ) মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন সংক্রান্ত কার্যক্রম চলছে।<br>(গ) ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ কিস্তির ( এপ্রিল- জুন) অর্থ ছাড় করন।<br>তিনি আরো জানান যে, রোগী কল্যান সমিতিতে অসুস্থ্য রোগীরা সাহায্যের জন্য আবেদন করতে পারবেন। উক্ত সমিতি হতে সর্বোচ্চ ৩০০০/- টাকা অথবা প্রয়োজন অনুসারে ঔষধ সরবরাহ করা হবে। দুরারোগ্য রোগীদের ৫০,০০০/- টাকা পর্যন্ত জেলা হতে সাহায্য দেয়া হয়ে থাকে। | সুষ্ঠভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে পরামর্শ দেয়া হলো। সঠিক সময়ে সমাজসেবা কার্যালয়ে মৃত ভাতাভোগীদের তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বাবুগঞ্জ, বরিশাল জনাব মোঃ সালাম শিকদার সভায় বলেন যে, পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। তিনি আরো বলেন যে,<br>(ক) মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন হয়েছে।<br>(খ) কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২ অর্থ বছরের বিভাগীয় সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ২৭৭৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২৭৭৬০/- এবং আদায়ের হার ১০০%।<br><u>আশ্রয়ণ প্রকল্প</u> ঃ অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমূখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। তবে করোনাকালীন সময়ে আশানুরুপ ঋণ আদায় করা যায়নি। গোয়ালদী-মুন্ডরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৪,৮০,৭৮৫/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৬৯%। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে এ পর্যন্ত ১৫,৮৮,০০০/- টাকা | (ক) ঋণ খেলাপিদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ঋণ বিতরণ করা হয়েছে। এর আদায় হয়েছে ১২,৬০,২৯৬/- টাকা। আদায়ের হার ৭৯%।<br>**দুগ্ধ প্রকল্প** ঃ শতভাগ সরকারি অর্থায়নে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪-২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে ।আদায়ের হার- ৯০%। এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত আদায় হয়েছে ৩,৩৯,০০০/- টাকা। | | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | জনাব নাসরিন জোবায়দা আকতার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে,<br>(ক) বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ এর কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>(খ) জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>(গ) পারফরমেন্স বেজডগ্রান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস(পিবিজিএসআই) স্কিম এর একদিন ওরিয়েন্টেশন কার্যক্রম চলমান আছে।<br>(ঘ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। মে,২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ-<br>১। ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>২। ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প ।<br>উপরোল্লিখিত ক্যাম্পের সার্বিক সফলতার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>এপ্রিল/২০২৩ খ্রিস্টাব্দ মাসের স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতির অগ্রগতি নিম্নরূপঃ-<br>স্থায়ী পদ্ধতির- ০, আইইউডি- ০৯ জন, ইমপ্লান্ট- ৩০ জন। মোট সক্ষম দম্পত্তি ২৭১১২ জন, গ্রহণকারী- ২১০০৯ জন, সিএআর- ৭৭.৪৯%।<br>তিনি জনাব ইসরাত জাহান, উপ-সহকারী মেডিকেল অফিসার, বাবুগঞ্জ, বরিশাল কর্তৃক দাখিলকৃত বিদ্যুৎ বিল সংক্রান্ত একখানা দরখাস্ত সভায় উপস্থাপন করেন। দরখাস্তে উল্লেখ আছে যে, তার নামে বরাদ্দকৃত কোয়াটার হতে বিদ্যুৎ সংযোগ দিয়ে উপজেলা পরিষদের চতুর্থ তলা ভবনের নির্মান কাজ করা হয়। ঠিকাদারদারী প্রতিষ্ঠান যথা নিয়মে বিল পরিশোধ করে আসছিল। কাজ শেষে উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল এর নিকট ভবন হস্তান্তরের পর থেকে সর্বনিম্ন বিদ্যুৎ বিল তার কাছে জমা দেয়া হয় এবং সেটা তার কাছে রক্ষিত আছে। বিগত ১১ | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>উপজেলা পরিষদের ভবন করার সময়ে বকেয়া ১৭৩৬৩/- টাকা বিদ্যুৎ বিলের মধ্যে অর্ধেক অর্থাৎ ৮,৬৮২/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |

<table>
<tr><td></td><td>মাসের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ১৭,৩৬৩/- টাকার বিল দাখিল করা হয়। উপজেলা প্রকৌশলী মহোদয়কে একাধিকবার এ বিষয়ে বললেও তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর আবেদন করতে বললে তিনি এ আবেদন করেন। সভায় এ বিষয় নিয়ে আলোচনা করা হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন মার্চ/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র: নঃ</th><th>প্রকল্পের নাম</th><th>শেয়ার</th><th>সঞ্চয়</th><th>বিতরণ</th><th>আদায়</th></tr>
<tr><td>০১</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.৪২</td><td>০.২২</td><td>০</td><td>৩.০১</td></tr>
<tr><td>০২</td><td>আবর্তক</td><td>০.০২</td><td>০.০২</td><td>০</td><td>১.৩০</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>০</td><td>০.০৯</td><td>০</td><td>০.২১</td></tr>
<tr><td>০৪</td><td>পল্লী প্রগতি</td><td>০</td><td>-</td><td>০</td><td>০.০৪</td></tr>
<tr><td>০৫</td><td>মুক্তিযোদ্ধা</td><td>০</td><td>-</td><td>০</td><td>০.০৯</td></tr>
<tr><td>০৬</td><td>ইরেসপো</td><td>০</td><td>০.৩৪</td><td>১২.৮৫</td><td>০</td></tr>
<tr><td>০৭</td><td>অপ্রধান শস্য</td><td>০</td><td>০.০২</td><td>০</td><td>১৪.১২</td></tr>
<tr><td>০৮</td><td>আদর্শ গ্রাম-২</td><td>০</td><td>০</td><td>০</td><td>০.৪৪</td></tr>
<tr><td>০৯</td><td>এসএমই(কোভিড-১৯)</td><td>০</td><td>০.০৩</td><td>০</td><td>০.৩২</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>০.৪৪</td><td>০.৭২</td><td>১২.৮৫</td><td>১৯.৪৯</td></tr>
</table>
পিআরডিপি-৩ ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম পর্যায়ে ১ নং জাহাঙ্গীরনগর ইউনিয়নে ৪ টি, ২নং কেদারপুর ইউনিয়নে ২ টি, ৪ নং চাদপাশা ইউনিয়নে ৩ টি স্কীমের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২ নং কেদারপুর ইউনিয়নে ২ টি এবং ৪ নং চাদপাশা ইউনিয়নের ৪ টি স্কীমের কার্যক্রম চলমান। উল্লেখিত ইউনিয়নে ইউসিসিএম এর মাধ্যমে স্কীমের তালিকা পাওয়া গেছে। স্কীমের কার্যক্রম চলমান রয়েছে। মহিলা উন্নয়ন অনুবিভাগের ৫০ জন সমবায়ীদের মাঝে দক্ষতা উন্নয়ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>জনাব এইচ এম রেজাউল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (রুটিন দায়িত্ব) বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে,<br>প্রশিক্ষণ ঃ ২০২২-২৩ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের (লক্ষ্যমাত্রা অনুযায়ী) ০৪ টি ব্যাচ সম্পন্ন হয়েছে।<br>ঋণ ঃ ২০২২-২৩ অর্থ বছরে- ১৪,৪০,০০০/-( চৌদ্দ লক্ষ চল্লিশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>ওয়েব পোর্টাল ঃ এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>জনাব শামিমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। সকল ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উঠান বৈঠক হয়েছে । আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ বন্ধ আছে। নতুন ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) আবেদন এর চূড়ান্ত তালিকা অনুসারে কার্ড এবং খাদ্য বিতরণ কার্যক্রম চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচীর ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | প্রকৌশলী মোঃ সুমন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । সাড়া দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বাবুগঞ্জ উপজেলায় ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকুপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটি স্থান নির্ধারণ করবেন। অনুমোদিত স্থান তালিকা অদ্য পর্যন্ত পাওয়া যায়নি। WATSAN কমিটি । সকল ইউনিয়ন WATSAN কমিটির অনুমোদিত স্থান তালিকা পাওয়া গেছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব মোঃ মোজাম্মেল হক, ফরেস্টার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কোন কার্যক্রম আসেনি। নতুন কার্যক্রম অথবা বরাদ্দ পেলে আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে। চেয়ারম্যান, চাঁদপাশা ও মাধবপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ সভাকে অবহিত করেন যে, প্রায়ই বন বিভাগের রোপিত গাছ ও পাবলিকের রোপিত গাছ কাটা নিয়ে মামলা মোকদ্দমা উদ্ভব হয়ে থাকে, ইহা কাঙ্খিত নয়। তিনি বন বিভাগের গাছ গুলোকে লাল মার্কিং করে দেয়ার জন্য বন কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| | জনাব মোসাঃ ফারজানা বিনতে ওহাব, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল বন বিভাগের কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করে সভাকে অবহিত করেন যে, উপজেলার অনেক রাস্তার পাশের জায়গা রাস্তায় রোপিত বাবলা গাছের নিচে অনাবাদি অবস্থায় পরে আছে। বাবলা গাছের ডাল পাশের জমির উপর ঝুলে থাকার কারনে এ অবস্থা হয়েছে। বাবলা গাছের ডাল গুলো কেটে দিলে পাশের জমি চাষের আওতায় আনা যায়। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | বন বিভাগের গাছ গুলো লাল রং দ্বারা মার্কিং করার এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে বাবলা গাছের ডাল কর্তন করা যায় কি-না সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল পূর্ববর্তী সভার সিদ্ধান্তের পুনারাবৃত্তি করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করে সভাকে অবহিত করেন যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গ্রাম পুলিশের পদ শূণ্য রয়েছে। গ্রাম পুলিশের পদ শুণ্য থাকলে ঐ ওয়ার্ডের বিভিন্ন বিষয়ে তথ্য | আগামী এক সপ্তাহের মধ্যে ওয়ার্ডভিত্তিক গ্রাম পুলিমদের শূণ্য পদের তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | |
|---|---|---|
| পেতে অসুবিধা হয় ও সরকারি কাজে ব্যাঘাত সৃষ্টি হয়। গত সভায় শূণ্য পদের তালিকা প্রেরণ করার নির্দেশনা থাকলেও অনেক ইউনিয়ন পরিষদ হতে শুন্য পদের তালিকা এখন পর্যন্ত পাওয়া যায়নি। সভায় এ বিষয় নিয়ে আলোচনা করা হয়।<br>তিনি আরো জানান যে, জনাব আহসান হাবিব রাজ্জাক, প্রোপাইটর, ইমন টেলিকম সার্ভিস, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা গত ১০/১১/২০২২ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক সিসি ক্যামেরা ক্রয় ও পুরাতন ক্যামেরা মেরামত বাবদ পূর্বের পাওনা আয়কর ও ভ্যাটসহ ৭৮,৪৭০/- (আটাত্তর হাজার চারশত সত্তর) টাকা ও উপজেলা পরিষদ সম্প্রসারিত নতুন ভবনে হঠাৎ শর্ট সার্কিট এ আগুন লেগে বৈদ্যুতিক সরঞ্জামাদি পুরে যাওয়ায় উক্ত মালামাল ক্রয়সহ বৈদ্যুতিক কাজ করার আয়কর ও ভ্যাটসহ ৬২,৩০৪/- (বাষট্টি হাজার তিনশত চার) টাকার বিল দাখিল করেন। সভায় উক্ত বিলের বিষয়ে নিয়ে আলোচনা করা হয়। | সভায় দাখিলকৃত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ বরিশাল |
| সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদের কাকলি,মিতালী, বৈশাখী স্টাফ কোয়ার্টার বহু পুরাতন হওয়ায় উহা মেরামত করা দরকার নচেৎ কোয়ার্টারগুলো বসবাসের অনুপযোগী হয়ে যাবে। এছাড়া বাবুগঞ্জ উপজেলা পরিষদের অডিটরিয়াম হতে খানপুরা আলিম মাদ্রাসা পর্যন্ত রাস্তা জরুরীভাবে সংস্কার/ মেরামত একান্ত করা প্রয়োজন। সভায় এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এটা পোপেল সংশোধন করেছ<br>এটা পোপেল সংশোধন করেছে | উপজেলা পরিষদের কাকলি,মিতালী, বৈশাখী স্টাফ কোয়ার্টার এবং অডিটরিয়াম হতে খানপুরা আলিম মাদ্রাসা পর্যন্ত রাস্তা সংস্কার/ মেরামতের প্রাক্কলন প্রস্তুত করে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ [illegible] পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল |
| তিনি আরো জানান যে, গত মার্চ/২০২৩ খ্রি. মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার<br>সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদে একজন নিরাপত্তা প্রহরী নিয়োগের সিদ্ধান্ত গৃহীত<br>হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর "ম"<br>অনুচ্ছেদ মোতাবেক নিরাপত্তা খাত হতে ভাতা প্রদান করতে হলে নিয়োগকৃত নিরাপত্তা<br>প্রহরীকে আনসার সদস্য হতে হবে মর্মে উল্লেখ আছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী<br>অফিসার অবগত করেন যে, গত ১০/০৪/২০২৩ খ্রি. তারিখ জনাব মোঃ নাইম, পিতা-<br>মোঃ আবু বকর সিকদার, গ্রাম ও ডাকঘর- খানপুরা, উপজেলা- বাবুগঞ্জ, বরিশাল জাতীয়<br>পরিচয় পত্র নম্বর-১৯২৮৩৩১৩৩৭ নিরাপত্তা প্রহরী পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদন<br>করেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর "ম"<br>অনুচ্ছেদ মোতাবেক উক্ত নিরাপত্তা প্রহরী পদে নিয়োগ এবং এ সংক্রান্ত খরচাদি বিষয়ে<br>স্পষ্টিকরণ করা হয়েছে। এ ক্ষেত্রে অভ্যান্তরীণ সিদ্ধান্ত মোতাবেক সরাসরি নিয়োগে<br>কোন বাধা নেই। এ লক্ষ্যে সভায় সভাপতি উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার দৃষ্টি<br>আকর্ষণ করলে জনাব মোঃ নাইম, পিতা- মোঃ আবু বকর সিকদার, গ্রাম ও ডাকঘর-<br>খানপুরা, উপজেলা- বাবুগঞ্জ, বরিশাল কে নিরাপত্তা প্রহরী হিসেবে নিয়োগ দিতে তিনি<br>মাসিক সভা চলাকালীন সময়ে সুপারিশ করেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও<br>ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর "ম" অনুচ্ছেদ মোতাবেক নিরাপত্তা খাত হতে ভাতা<br>প্রদান সাপেক্ষে সভায় নিরাপত্তা প্রহরী নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাবুগঞ্জ কর্তৃক উপস্থাপিত জনাব মোঃ নাইম, পিতা- মোঃ আবু বকর সিকদার, গ্রাম ও ডাকঘর- খানপুরা, উপজেলা- বাবুগঞ্জ, বরিশাল কে উপজেলা পরিষদের নিরাপত্তা প্রহরী হিসাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ বরিশাল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১৮/০৫/২০২৩

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২৩- ৩৬৩ (৫০)

তারিখ ঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৯। উপজেলা ..................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

১০। চেয়ারম্যান ..................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১১। জনাব.................................................................বাবুগঞ্জ, বরিশাল।

১২। অফিস কপি।

১৮/৫/২০২৩

(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।